৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

Foreign Direct Investment
Promotion Project (FDIPP)

এফডিআইপিপি সার্কুলার লেটার নং-০১

তারিখ: ২৩ নভেম্বর ২০২৬ / ০৮ অগ্রহায়ণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
FDIPP এর সঙ্গে চুক্তিবদ্ধ সকল PFI।

প্রিয় মহোদয়,

বৈদেশিক বিনিয়োগ ও অর্থায়ন সংক্রান্ত FDIPP Operating Guidelines এর সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এফইআইডি সার্কুলার নং-০১ তারিখ: ৩০ আগস্ট ২০১৭, এফইআইডি সার্কুলার লেটার নং-০১ তারিখ: ০৮ এপ্রিল ২০১৯ এবং এফইআইডি সার্কুলার লেটার নং-০৩ তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত Foreign Direct Investment Promotion Project (FDIPP) এর আওতায় প্রদত্ত অর্থায়ন আরও গতিশীল, অন্তর্ভুক্তিমূলক এবং অগ্রাধিকার খাতসমূহকে বিনিয়োগবান্ধব করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে:

ক) BSEZ (Bangladesh Special Economic Zone)-এর পাশাপাশি অন্যান্য অর্থনৈতিক অঞ্চলে (Economic Zone) অবস্থিত জাপান, জাপান-বাংলাদেশ যৌথ মালিকানাধীন অথবা বাংলাদেশী মালিকানাধীন কারখানা/শিল্প প্রতিষ্ঠানসমূহকে অগ্রাধিকার খাতে অন্তর্ভুক্ত করা হলো;

খ) প্রকল্পের Operating Guidelines এর ২.২.১ ধারায় উল্লিখিত Priority industrial sector সমূহের জন্য রপ্তানির শর্ত প্রযোজ্য হবে না;

গ) PFIs এর যোগ্যতা নির্ধারণে CAMELS rating এর পরিবর্তে সংশ্লিষ্ট Operating Guidelines এর ANNEX VIII এ উল্লিখিত অন্যান্য Accreditation Criteria অনুসরণ করা হবে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুরূপ কোনো Rating প্রবর্তিত হলে তা Accreditation Criteria তে অন্তর্ভুক্ত হবে;

ঘ) প্রকল্প হতে সর্বশেষ ঋণ গ্রহণের ০২(দুই) বছরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রাপ্ত নতুন অর্থায়নের আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

ঙ) প্রাক ও পুন:অর্থায়নের ক্ষেত্রে সর্বনিম্ন সীমা (Lower Limit) থাকবে না।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। সূত্রোক্ত সার্কুলার ও এর অনুবৃত্তিক্রমে জারিকৃত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত,

(ড. মোঃ রায়হানুল ইসলাম)
পরিচালক(এফডিআইপিপি)
ও
প্রকল্প পরিচালক
ফোন: ৯৫৩০২৭৯